

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬৫৪

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১৩২, বালেগা মেয়ে ওড়না জড়িয়ে সালাত পড়বে।

بَابِ إِذَا حَاضَتْ الْجَارِيَةُ لَمْ تُصلِّ إِلَّا بِخِمَارٍ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَلِيُّ بْنُ مُحَمَّد، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ عَبْدِ الْكَرِيم، عَنْ عَمْرِو بْنِ سَعِيد، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - دَخَلَ عَلَيْهَا فَاخْتَبَأَتْ مَوْلاَةٌ لَهَا فَقَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " حَاضَت " . فَقَالَتْ نَعَمْ . فَشَقَّ لَهَا مِنْ عِمَامَتِهِ فَقَالَ " اخْتَمِرِي بِهَذَا " .

বাংলা

১/৬৫৪। আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিকট প্রবেশ করলেন। তার মুক্তদাসী পর্দার আড়ালে চলে গেল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করেন: তার কি হায়েয হয়েছে (বালেগ হয়েছে)? আয়িশাহ বলেন, হ্যাঁ। তিনি তাঁর পাগড়ীর একাংশ ছিঁড়ে তাকে দিয়ে বলেনঃ এটা দিয়ে তোমার মাথা ঢেকে নাও।

English

It was narrated from 'Aishah that:

The Prophet entered upon her, and a freed slave girl of hers concealed herself. The Prophet asked: "Have her periods begun?" She said: "Yes." He tore a piece of his turban and said: "Cover your head with this."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৩৭৭, আবূ দাউদ ৩৪১-৪২, আহমাদ ২৪৬৪১, ২৫৩০৫, ২৫৬৯৪; ইবনু মাজাহ ৬৫৫।

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: জিলবাবিল মারআহ ৯৪ পৃষ্ঠা। উক্ত হাদিসের রাবী আবদুল কারীম



সম্পর্কে আয়্যুব আস-সাখতিয়ানি বলেন, তিনি সিকাহ নন। আহমাদ বিন হাম্বল ও ইয়াহইয়া বিন মাঈন তাকে দুর্বল বলেছেন। ইমাম নাসাঈ তাকে প্রত্যাখ্যান করেছেন। ইবনু হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক সন্দেহ করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন